ইসলামপুর থানা কর্তৃক আয়োজিত গুঠাইল বিট পুলিশিং সভা অনুষ্ঠিত

মোঃ রুহুল আমিন রাজু – গত ৩০ নভেম্বর রবিবার জামালপুর জেলার ইসলামপু্র থানা কর্তৃক আয়োজিত গুঠাইল বেলগাছা ইউনিয়ন মন্নিয়া উচ্চ বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে বিট পুলিশিং সভা অনুষ্ঠিত হয়।

বিট পুলিশিং সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জামালপুর জেলার সুযোগ্য মানবিক পুলিশ সুপার সৈয়দ রফিকুল ইসলাম পিপিএম-সেবা।

গুঠাইল বেলগাছা ইউনিয়নের সর্বস্তরের ব্যক্তি, বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিবর্গ ও সাংবাদিকবৃন্দ তারা মাদক, চুরি,বাল্য বিবাহ সহ নানাবিধ সমস্যা পুলিশ সুপার জামালপুর মহোদয়ের সামনে উপস্থাপন করেন।

বক্তব্যে পুলিশ সুপার জামালপুর মহোদয় বলেন, সামগ্রিকভাবে আপনাদের সমাজের জন্য কাজ করতে এসেছি। তিনি আশ্বস্ত করেন থানা,তদন্ত কেন্দ্রের পুলিশ জনগণের সেবায় নিবেদিত। পক্ষান্তরে অপরাধ দমনে বিট পুলিশিং ব্যবস্থা থাকবে যা সর্বস্তরের জনগণের সহায়তা প্রয়োজন।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার জনাব মোঃ সোহেল মাহমুদ পিপিএম(ক্রাইম এন্ড অপস্) জামালপুর, অতিরিক্ত পুলিশ সুপার জনাব সুমন কান্তি চৌধুরী (দেওয়ানগঞ্জ সার্কেল) জামালপুর।